

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(প্রশাসন ও সংস্থাপন শাখা)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬১.৯৯.-১২৫

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
০১ জুন ২০২০ খ্রিস্টাব্দ


বিষয়: প্রশাসনিক ও রক্ষণাবেক্ষনের প্রয়োজনে শিক্ষা প্রতিষ্ঠানের অফিস খোলা রাখা প্রসঙ্গে।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের ২৮ মে ২০২০ তারিখের স্মারক নম্বর ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১০৯।
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮ মে ২০২০ তারিখের স্মারক নম্বর ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৮।

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর সংক্রমণ রোধের এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। সূত্রে উল্লেখিত প্রজ্ঞাপনে সরকারি দপ্তরসমূহ সীমিত আকারে খোলা রাখার বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছে। এর অনুবৃত্তিক্রমে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের অফিস শুধুমাত্র প্রশাসনিক ও রক্ষণাবেক্ষনের প্রয়োজনে (যথা ছাত্র ভর্তি, বিজ্ঞানাগার/পাঠাগার/যন্ত্রপাতি রক্ষণাবেক্ষন, পরিকার পরিচ্ছন্নতা ইত্যাদি) সীমিত আকারে খোলা রাখা যাবে।

২। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন।

৩। এক্ষেত্রে শিক্ষাপ্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণকে সর্বাবস্থায় মাস্ক পরিধান এবং সূত্রোক্ত স্মারকের সকল নির্দেশনাসহ স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারিকৃত সকল স্বাস্থ্য বিধি ও নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে।


(মোঃ আব্দুল্লাহ আল মামুন) ০২/০৬/২০২০
উপসচিব
ফোন: ৯৫৪৫৯৭৪

বিতরণ:

১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।